যুগান্তর

তারিখ . 13 .NOV..2015. ...
পৃষ্ঠা ...... কলাম ......

জাতীয় বিশ্ববিদ্যালয়

# স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তির প্রথম মেধা তালিকা প্রকাশ

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমের প্রথম মেধা তালিকা বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে। এ শিক্ষাবর্ষে ৬৫৭টি কলেজে ৫ লাখ ৪২ হাজার ৩৪৯ জন শিক্ষার্থী প্রাথমিক আবেদন করে। ৩০টি বিষয়ে ৩ লাখ ২০ হাজার ৯৫৩টি আসনের বিপরীতে ২ লাখ ২৫ হাজার ৩৮৭ জন শিক্ষার্থী প্রথম মেধা তালিকায় স্থান পায়। যা মোট আসনের ৭০.২২ শতাংশ। ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ২২ নভেম্বরের মধ্যে অনলাইনে ভর্তি ফরম ডাউনলোড করে ২৫ নভেম্বরের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে (nu<space>athn<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফল জানা যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) থেকেও ফল পাওয়া যাবে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ক্লাস ১ ডিসেম্বর থেকে শুরু হবে।

**প্রফেশনাল কোর্সে ভর্তির কার্যক্রম ১৫ নভেম্বর শুরু :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ১৫ নভেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৫ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত চলবে।

আবেদনকারী প্রার্থীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তিসংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) থেকে জানা যাবে। ৩ জানুয়ারি ২০১৬ থেকে ক্লাস শুরু হবে। বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর এ তথ্য জানিয়েছে।